



রাষ্ট্রপতি হিসেবে প্রথমবার ঠাকুরগাঁওয়ে যাচ্ছেন মির্জা ফখরুল



রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতির দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো ঠাকুরগাঁও সফরে যাচ্ছেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। দুই দিনের সফরে নিজ পরিবারের সদস্যদের কবর জিয়ারতের পাশাপাশি নাগরিক সংবর্ধনায় অংশ নেবেন তিনি এবং প্রস্তাবিত ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

সফরসূচি অনুযায়ী, রোববার সকাল ১০টায় হেলিকপ্টারযোগে ঢাকা ত্যাগ করবেন রাষ্ট্রপতি। বেলা ১১টা ৪০ মিনিটে ঠাকুরগাঁওয়ের মোহাম্মদ আলী স্টেডিয়াম মাঠে পৌঁছানোর পর তিনি সার্কিট হাউসে যাবেন। সেখানে রাষ্ট্রপতিকে গার্ড অব অনার দেওয়া হবে।

এরপর শহরের সেনুয়া পাড়ার পারিবারিক কবরস্থানে গিয়ে প্রয়াত বাবা, সাবেক মন্ত্রী মির্জা রুহুল আমীন এবং মা ফাতেমা বেগমের কবর জিয়ারত করার কর্মসূচি রয়েছে তার।

পরে কালীবাড়ি এলাকায় পারিবারিক বাসভবনে যাবেন তিনি। দুপুরে সেখানে অবস্থান ও বিশ্রামের পর বিকেলে ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে নাগরিক কমিটির আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেবেন রাষ্ট্রপতি। প্রথম দিনের রাত তিনি নিজ বাসভবনেই কাটাবেন।

সফরের দ্বিতীয় দিনে সদর উপজেলার জামালপুর এলাকায় ঠাকুরগাঁও-পীরগঞ্জ সড়কের পাশে প্রস্তাবিত ঠাকুরগাঁও বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করার কথা রয়েছে।

দুই দিনের কর্মসূচি শেষ করে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর হেলিকপ্টারযোগে ঢাকায় ফিরবেন।